রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.২১-২১৫

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৯ / ২৮ জুলাই ২০২২

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান {বর্তমানে ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)} নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), বরগুনা সড়ক বিভাগের আওতায় বাস্তবায়িত 'চরখালী-তুষখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ'' শীর্ষক প্রকল্পে কর্মরত ছিল;

এবং

যেহেতু, উক্ত প্রকল্পের ডিজাইন প্রণয়নের সময় অপরিহার্য কিছু অঙ্গ/কাজ যেমন DBS Base Course, রিজিড পেভমেন্ট, RCC ড্রেন নির্মাণ, রক্ষাপ্রদ কাজ, প্যালাসাইডিং, বাঁক প্রশস্তকরণ ইত্যাদি অন্তর্ভুক্ত না করেই ত্রুটিপূর্ণ ডিজাইন প্রণয়ন করার সাথে তার সংশ্লিষ্টতা ছিল;

এবং

যেহেতু, প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম পানি উন্নয়ন বোর্ড (পাউবো) কর্তৃক অধিগ্রহণকৃত ভূমিতে বেড়িবাঁধের উপর নির্মিত হবে জেনেও ডিপিপি প্রনয়নকালে/সম্ভাব্যতা সমীক্ষার সময় পানি উন্নয়ন বোর্ড হতে এ বিষয়ে অনাপত্তি না নিয়ে ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প অনুমোদনের প্রায় ১ বছর পর পাউবো হতে অনাপত্তি গ্রহণের উদ্যোগ না নেয়ার কাজে তার সংশ্লিষ্টতা ছিল;

এবং

যেহেতু, প্রকল্পের প্রশাসনিক আদেশ জারির পর ইঞ্জিনিয়ার্স ইস্টিমেট অনুমোদন ও টেন্ডার আহ্বানের ক্ষেত্রে তিনি গড়ে মোট ০২ (দুই) মাস সময় ব্যয় করেছেন;

এবং

যেহেতু, প্রকল্পটির ০৫টি প্যাকেজের মধ্যে ০৪টি প্যাকেজের কার্যাদেশ প্রকল্প অনুমোদনের প্রায় ০৭ (সাত) মাস বিলম্বে এবং ১টি প্যাকেজের কার্যাদেশ ১২(বারো) মাস বিলম্বে প্রদান করা হয়েছে। অর্থাৎ প্রকল্পের সবকটি প্যাকেজের মেয়াদ নির্ধারিত সময় অতিক্রান্তের পর বিলম্বে শুরু করা হয়েছে;

এবং

যেহেতু, প্যাকেজসমূহের মেয়াদ বৃদ্ধি সত্ত্বেও ৪টি প্যাকেজের গড় ভৌত অগ্রগতি ৯২.৫০% এবং ১টি প্যাকেজের ভৌত অগ্রগতি মাত্র ৩৬%। অর্থাৎ দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও প্যাকেজ ৫ এর নিম্ন অগ্রগতি (Low Progress) পরিলক্ষিত হয়েছে;

এবং

যেহেতু, তিনি নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) হিসেবে প্রকল্পের কাজের ঘনঘন মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের ধীর অগ্রগতি এবং দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার কর্তৃক কর্মপরিকল্পনা (Work Plan) অনুযায়ী কর্ম আদায়ের নিমিত্ত তদারকি না করে দায়িত্ব এড়িয়ে চলেছেন;

এবং

যেহেতু, তার উক্তরুপ কার্যকলাপ চাকুরী শৃঙ্খলার পরিপন্থি এবং অসদাচরণের পরিচায়ক বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ"(Misconduct) এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং ০৪/২০২১) রুজু করা হয়;

এবং

যেহেতু উক্তরুপ কার্যকলাপের কারণে কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো শাস্তি প্রদান করা হবে না তার লিখিত জবাব নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করতে চান কি-না বা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ১৮-০৩-২০২১ তারিখে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ০৯-০৯-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় অভিযোগটি তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব, জনাব মোঃ আনিসুর রহমান -কে গত ২৭-০২-২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

অ:পৃ:দ্র:

সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), {বর্তমানে ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)}এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ২৯-০৬-২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, এক্ষণে জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান (পরিচিতি নং ৬০২১৮২), ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, বরগুনা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০৪/২০২১) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৮.৭.২০২২

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.২১/১-২১৫ (১৪)

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৯ / ২৮ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৬. অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১১. জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান (পরিচিতি নং ৬০২১৮২), ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, বরগুনা)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

28.07.2022

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪